



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

জাহাঙ্গীরপুর সরকারি কলেজ

মহাদেবপুর, নওগাঁ।



EIIN- 123407

ফোনঃ ০৭৪২৬৭৫০৫৯

রাজশাহী শিক্ষা বোর্ড কোড- ২৬২৫

মোবাইলঃ ০১৩০৯-১২৩৪০৭/০১৭৯৭-১৮২২৬২

জাতীয় বিশ্ববিদ্যালয় কোড- ২৪০৯

E-mail: jgovtcoll@gmail.com

মাউশি কোড- ০১৫১

Web: jgcbd.net

বিজ্ঞপ্তি নং- জাসক/২০২৩/ ০১-০৩

তারিখঃ ১৯/০১/২০২৩ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা যে সকল শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণির বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তি হয়েছে তাদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন নির্ভুলভাবে প্রক্রিয়াকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে কলেজের সিদ্ধান্ত মোতাবেক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের সকল শিক্ষার্থীকে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার সাথে সাথে HSP-MIS-এ উপবৃত্তির জন্য আবেদন করতে হবে। আগামী ২২/০১/২০২৩খ্রি. তারিখ হতে ২৫/০১/২০২৩খ্রি. তারিখ পর্যন্ত ভর্তি কার্যক্রমের সাথে সাথে এই আবেদন কার্যক্রম সম্পন্ন করা হবে। কলেজের নির্ধারিত স্থান থেকে আবেদন ফরম সংগ্রহ করে নির্ভুলভাবে সকল তথ্য পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ উক্ত তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে। কলেজ কর্তৃক প্রদানকৃত আবেদন পত্র ব্যতীত এবং উল্লিখিত তারিখে পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।


প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা :

১. শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যার);
২. পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
৩. পিতা ও মাতার অনুপস্থিতিতে নির্বাচিত অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যার);
৪. এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড এবং মার্কসিট/নম্বর পত্রের ফটোকপি;
৫. উপজেলা পরিষদ চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/গেজেটেড কর্তৃক পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয়ের প্রত্যয়ন পত্র;
৬. পিতা/মাতা অথবা পিতা/মাতার অনুপস্থিতিতে নির্বাচিত অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর;
৭. আবেদনকারী অথবা পিতা/মাতা/অভিভাবক মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান অথবা ক্ষুদ্র নৃ-গোষ্ঠী হলে তার স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণ পত্র;
৮. আবেদনকারী অথবা পিতা/মাতা/অভিভাবক কোন প্রকার শারীরিক প্রতিবন্ধী হলে তার স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণ পত্র।

বিশেষ নির্দেশনা :

১. একটি একাউন্ট নম্বর/মোবাইল নম্বর শুধুমাত্র ১ জন শিক্ষার্থীর ক্ষেত্রেই ব্যবহার করা যাবে;
২. পিতা/মাতা/অন্য কোন আত্মীয়, যাকে অভিভাবক নির্বাচন করা হবে তার জাতীয় পরিচয় পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসেবে তার নাম প্রদান করতে হবে;
৩. একাউন্ট খোলার সময় ব্যবহৃত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখতে হবে এবং মাঝে মাঝে লেনদেন করতে হবে;

বি.দ্র. : উপবৃত্তির জন্য শিক্ষার্থীর আবেদন বা তথ্য HSP-MIS-এ এন্ট্রি করাই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।


১৯/০১/২০২৩

অধ্যক্ষ

জাহাঙ্গীরপুর সরকারি কলেজ

মহাদেবপুর, নওগাঁ।

মোঃ সাইফুল রব্বান চৌধুরী (০১৪১৫৫)

অধ্যক্ষ (অতিরিক্ত)

জাহাঙ্গীরপুর সরকারি কলেজ

মহাদেবপুর, নওগাঁ।